

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
৯২-৯৩, মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০৭২.২২. ২০২

তারিখ: ১৬/০৯/২০২৩ খ্রি.

বিষয়: আসন্ন শারদীয় দুর্গাপূজা'২০২৩ এর তালিকা এবং বৌদ্ধ মন্দির ও গির্জার সংখ্যা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শারদীয় দুর্গাপূজা'২০২৩ উদযাপন এবং বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রবারণা পূর্ণিমা'২০২৩ (আশ্বিনী পূর্ণিমা) ও খ্রিষ্টীয় ধর্মাবলম্বীদের বড়দিন/২০২৩ উদযাপন উপলক্ষ্যে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে প্রতি বছর জিআর চাল বরাদ্দ প্রদান করা হয়ে থাকে। চলতি বছরেও আসন্ন শারদীয় দুর্গাপূজা'২০২৩ উদযাপন এবং বৌদ্ধ ধর্মাবলম্বীদের প্রবারণা পূর্ণিমা'২০২৩ (আশ্বিনী পূর্ণিমা) ও খ্রিষ্টীয় ধর্মাবলম্বীদের বড়দিন/২০২৩ উদযাপনের নিমিত্ত দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে জিআর চাল বরাদ্দের জন্য পূজা মন্ডপ, বৌদ্ধ মন্দির এবং গির্জার সংখ্যার সঠিক তথ্য প্রয়োজন।

০২। এমতাবস্থায়, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়/ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে জিআর চাল বরাদ্দের নিমিত্ত তাঁর জেলায় অনুষ্ঠিতব্য আসন্ন শারদীয় দুর্গাপূজা'২০২৩ এর সংখ্যা এবং বৌদ্ধ মন্দির ও গির্জার সংখ্যার সঠিক তথ্য জরুরি ভিত্তিতে নিম্নেবর্ণিত ছকে আগামী ২০-০৯-২০২৩ খ্রি. তারিখের মধ্যে director.relief@gmail.com এ E-mail যোগে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	উপজেলার নাম	পূজা মন্ডপের সংখ্যা	বৌদ্ধ মন্দিরের সংখ্যা	গির্জার সংখ্যা	মন্তব্য

(মোঃ নুরুল হক চৌধুরী)

(উপসচিব)

পরিচালক (ত্রাণ)

টেলিফোন: ০২-২২২২৬০৩৮৬

E-mail: director.relief@gmail.com

জেলা প্রশাসক

.....(সকল)।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রংপুর/রাজশাহী/বরিশাল/সিলেট/ময়মনসিংহ বিভাগ।
- ৩। জনাব প্রবীর কুমার দাস, প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। (তাকে এ পত্রটি ওয়েব সাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো।
- ৪। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, -----(সকল)- তাঁকে উপজেলা ভিত্তিক পূজামন্ডপ, বৌদ্ধ মন্দির এবং গির্জার সংখ্যার তালিকা জরুরী ভিত্তিতে অত্র অধিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৫। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয়